

## প্রদর্শনী সংবাদ

• আমার ভুবন নামে একটি অনলাইন চিত্রপ্রদর্শনীর আয়োজন করেছে ইমামি আর্ট। মূলত করোনা সংক্রমণে সতর্কতার জন্য এরকম একটি উদ্যোগ নিয়েছে সংস্থাটি। আমার ভুবনে শিল্পী অরুণিমা চৌধুরীর আঁকা ১০টি অসাধারণ ছবির কালেকশন দেখা যাবে। ছবিগুলো ভেজ রঙ দিয়ে আঁকা। এটি শিল্পীর একক প্রদর্শনী। প্রদর্শনীটি চলাবে আগস্টী ৩০ ভুন পর্যন্ত।  
প্রদর্শনী দেখার ওয়েবসাইট :  
[www.emamiart.com](http://www.emamiart.com)

• ডিএশিলী ওয়াসিম কাপুর বিশ্বব্যাপী করোনা ভাইরাসের প্রভাবে যাঁরা সবথেকে বেশি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন তাঁদের সাহায্যের কথা ভেবে একটি ছবি এঁকেছেন। শিল্পী ছবিটির নামকরণ করেছেন রাইজিং হোপ। ওই ছবিটি নিলামে

বিক্রি করে যে অর্থপ্রাপ্ত হবে, তা দিয়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্তদের সাহায্যের্থে খরচ করা হবে। রাধা মীরা ট্রাস্ট নামে একটি সংস্থা অনলাইনে ছবিটি নিলাম করবে। এরকম একটি উদ্যোগে শামিল হতে পেরে খুশি শিল্পী ওয়াসিম কাপুর এবং রাধা মীরা ট্রাস্টের চেয়ারম্যান ভরত জে মেহরা।

